

মহাপ্রভু হরিচাঁদ ধাম ওড়াকান্দী।  
 তাহার ভকত যত মতুয়া উপাধি।।  
 প্রভু শ্রীহরিচাঁদের মতুয়া বাল্লক।  
 মতুয়া বলিয়া তারে ঘোষে সর্বলোক।।  
 হরিবোলা ভকত কাহারে যদি পায়।  
 ভক্তিসহকারে পূজে আনন্দ হৃদয়।।  
 মতুয়া বাল্লক যিনি তাহার নিবাসে।  
 গোস্বামী শ্রীহীরামন মাঝে মাঝে আসে।।  
 একদিন হীরামন আসিল তথায়।  
 বাল্লক ছিল না বাড়ী কার্যান্তরে যায়।।  
 বাল্লকের মাতা হন কৌশল্যা নামিনী।  
 মতুয়া পাইলে ভক্তি করিতেন তিনি।।  
 কৌশল্যার পেটে ছিল বেদনা অক্ষুর।  
 আর দিন এল শ্রীহীরামন ঠাকুর।।  
 গোস্বামীকে দিয়াছেন তামাক সাজিয়ে।  
 কৌশল্যা পড়িল পদে দশবৎ হ'য়ে।।  
 পদরজঃ নিতে দিল শ্রীচরণে হাত।  
 গোস্বামী তখন করে হকার আঘাত।।  
 সে আঘাতে মুর্ছাঘিতা হয়ে প'ল বুড়ি।  
 পুনরায় মারিলেন দো'হাতিয়া বাড়ী।।  
 অমনি কৌশল্যা ধনি জীবন ত্যজিল।  
 গোঁসাই গৃহেতে গিয়া বসিয়া রহিল।।  
 প্রাঙ্গণেতে কৌশল্যার মৃতশব ল'য়ে।  
 হুড়াহুড়ি লাগাইল থামীরা আসিয়া।।  
 সবে বলে 'এ পাগল মানুষ মারিল।  
 কোথা হ'তে এ পাগল পাতলায় এল।।  
 উলঙ্গ ভৈরবপ্রায় না পরে বসন।  
 এরা এঁকে ভক্তি করে কিসের কারণ।।'  
 কেহ কেহ বলে 'ভাই ভালই ক'রেছে।'  
 যেমন মানুষ ওরা তেমন হ'য়েছে।।'  
 কেহ বলে 'ও কথায় নাহি কোন ফল।  
 বাঁপিয়া থানায় ল'য়ে চল এ পাগল।।''

কেহ বলে 'এ পাগল বাঁধা বড়-দায়।  
 কবে কা'রে খুন করে কথা নাহি যায়।।'  
 কেহ বলে 'এ পাগল থাকিতে হেথায়।  
 এজাহার কর গিয়া যাইয়া থানায়।।  
 বাল্লক আসুক বাড়ী নাহিক বাড়ীতে।  
 তার দ্বারা এজাহার করিব থানাতে।।'  
 বলিতে বলিতে কথা বাল্লক আসিল।  
 সকল বৃত্তান্ত সবে বাল্লকে কহিল।।  
 বাল্লক শুনিয়া বলে 'গোঁসাই মারিল।  
 মা যদি মরিল তবে ভালই হইল।।  
 বড়ই প্রসন্ন মোর মায়ের কপাল।  
 গোস্বামী সাক্ষাতে মৃত্যু পাবে পরকাল।।  
 এজাহার দিতে যা'ব কিসের কারণ।  
 মাতা মোর করেছেন বৈকুণ্ঠে গমন।।'  
 থামীরা অবাক হ'ল সে কথা শুনিয়া।  
 যার যার নিজকর্মে গেলেন চলিয়া।।  
 বাল্লকের গৃহমধ্যে গোঁসাই বসেছে।  
 বেলা অপরাহ্ন মুহূর্ত্তেক মাত্র আছে।।  
 রায়চাঁদ নামে কবিরাজ একজন।  
 গোস্বামী নিকটে গিয়া কহে সেইজন।।  
 গলায় বসন দিয়া বিনয় ভক্তিতে।  
 গোস্বামী চরণ ধরি লাগিল কাঁদিতে।।  
 কহে 'প্রভু তবপদে করি নিবেদন।  
 মৃতদেহ লয়ে মোরা কি করি এখন।।  
 আপনি করুন আজ্ঞা সেই আজ্ঞামতে।  
 ল'য়ে শব যাই সব দাহন করিতে।।  
 বিষম বিপদ তা'তে মনে ভয় গণি।  
 এতে কি বিপদ যার সহায় আপনি।।  
 প্রাতেঃ মরিয়াছে গাভী সেই এক দায়।  
 ডাকিতে ডাকিতে তার বৎস মৃতপ্রায়।।  
 গাভী মরা ফেলিয়াছি মা মরা পোড়া'ব।  
 দধ বিনা কাঁদে বৎস্য কি দিয়া বাঁচাব।।